দৈনিক বাংলা

তারিখ ২৫।২।৮১ ...

পৃষ্ঠা ... কলাম ...

055

৪ জন শিক্ষিকা

# অনশন ভঙ্গ

(স্টাফ রিপোর্টার)

অনশনরত চারজন প্রাথমিক শিক্ষিকা গতকাল মঙ্গলবার সন্ধ্যায় তাদের অনশন ভঙ্গ করেছেন। গত ২১শে ফেব্রুয়ারী থেকে তাঁরা কেন্দ্রীয় শহীদ মিনারে অনশন পালন করে আসছিলেন।

গতকাল বিকেলে শহীদ মিনারে অনুষ্ঠিত বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির এক জনসভায় বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ তাদের প্রতি অনশন ভঙ্গের আহ্বান জানান।

ইতিমধ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের পক্ষ থেকে দলের ভাইস চেয়ারম্যান ও সংসদ সদস্যা মিসেস ফরিদা রহমান, উপমন্ত্রী বেগম কামরুন্নাহার জাফর ও বেগম মাবুদ ফাতেমা কবির এবং দলের নির্বাহী কমিটির সদস্যা মিসেস জেবুন্নেসা আজিজ অনশনকারী শিক্ষিকাদের সঙ্গে সাক্ষাৎ করে তাঁদের অনশন ভঙ্গের অনুরোধ জানান।

যে চারজন প্রাথমিক শিক্ষিকা অনশন করছিলেন তাঁরা হচ্ছেন: কুষ্টিয়ার সৈয়দা মোসলেমা খান, চট্টগ্রামের মিসেস উম্মে সালমা, এবং ঢাকার মিসেস নাজমা আখতার ও কাজী সাহেলা বানু।

প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি জনাব আবুল কাসেম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত গতকালের এই জনসভায় সরকার বিরোধী ১৭টি রাজনৈতিক দলের নেতৃবৃন্দ বক্তৃতা করেন। এঁদের মধ্যে রয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগের (হাসিনা) জনাব মহিউদ্দিন, বাংলাদেশ আওয়ামী লীগের (মিজান) জনাব নুরে আলম সিদ্দিকী, জাসদের জনাব আ স ম আবদুর রব, ডেমোক্রাটিক লীগের জনাব আল মুজাহিদী, ইউনাইটেড পিপলস পার্টির কাজী জাফর আহমেদ, ন্যাপের (হারুন) চৌধুরী হারুনর রশীদ, কৃষক-শ্রমিক সমাজবাদী দলের শ্রী নির্মল সেন, লেবার পার্টির জনাব গোলাম মোস্তফা খান, বাংলাদেশের কম্যুনিস্ট পার্টির জনাব নুরুল ইসলাম খান, ইসলামিক ডেমোক্রাটিক লীগের

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

# অনশন ভঙ্গ

(১ম পৃঃ পর)

এডভোকেট সাহেদ আহমদ, ন্যাপের (নাসের) জনাব আবদুস সোবহান, ওয়ার্কার্স পার্টির জনাব রাশেদ খান মেনন, জামাতে ইসলামীর জনাব মতিউর রহমান নিজামী, বাংলাদেশের সমাজতান্ত্রিক দলের জনাব আবদুল্লা সরকার, গণতান্ত্রিক পার্টির মীর্জা নুরুল হুদা ও জাতীয় গণতান্ত্রিক পার্টির জনাব শফিউল আলম প্রধান।

কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত সভায় ১৭টি বিরোধী রাজনৈতিক দলের নেতৃবৃন্দ প্রাথমিক শিক্ষকদের দাবী-দাওয়ার প্রতি তাদের পূর্ণ সমর্থন ঘোষণা করেন এবং আগামী ১০ই মার্চের মধ্যে প্রাথমিক শিক্ষকদের দাবী-দাওয়া মেনে নিতে সরকারের প্রতি আহ্বান জানান। তারা আরো বলেন, প্রাথমিক শিক্ষকদের দাবী আদায় না হওয়া পর্যন্ত তারা শিক্ষকদের পাশে থাকবেন।